

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা-১০০০
www.publiclibrary.gov.bd

পুস্তক ক্রয়ের তালিকা আহ্বান বিজ্ঞপ্তি

গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারসহ বিভাগীয়, জেলা, উপজেলা এবং শাখা সরকারি গণগ্রন্থাগারসমূহের জন্য ২০১৯-২০ অর্থবছরে বিভিন্ন বিষয়ক দেশি ও বিদেশি পুস্তক ক্রয়ের নিমিত্ত পুস্তক প্রকাশক, পরিবেশক ও লেখকগণের কাছ থেকে ১ জানুয়ারি ২০১৮ থেকে ১০ সেপ্টেম্বর ২০১৯ সময়কালের মধ্যে প্রকাশিত পুস্তকের নমুনা কপিসহ তালিকা আহ্বান করা যাচ্ছে (বিদেশি পুস্তকের ক্ষেত্রে প্রকাশনার সময়কাল ও নমুনা কপি প্রদান শিথিলযোগ্য)। প্রকাশক কর্তৃক প্রদত্ত তালিকার সাথে প্রকাশকের হালসনের ট্রেড লাইসেন্স, ২০১৮-২০১৯ করবর্ষের আয়কর প্রত্যয়ন পত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়ন করে জমা দিতে হবে। দেশি বইয়ের ক্ষেত্রে গুরুত্ব অনুসারে সবচেয়ে ভাল মানের ৪০টি বই তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে। তালিকায় অন্তর্ভুক্ত বইয়ের ৪০% অবশ্যই পাঠ সহায়ক হতে হবে। উল্লেখ্য যে গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েব পোর্টালের ঠিকানা (www.publiclibrary.gov.bd) গিয়ে মেনুতে অনলাইনে তালিকা জমা দিতে click করে ফরম পূরণ করে আছহী প্রকাশক, পরিবেশক ও লেখকগণকে অনলাইনের মাধ্যমে তালিকা দাখিল করতে হবে এবং পাশা পাশি নিম্নবর্ণিত ছক অনুযায়ী বইয়ের ১৪ (চৌদ্দ) কপি তালিকা এবং তালিকার সফট কপির সিডি আগামী ১২.০৯.২০১৯ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো :

দেশি পুস্তকের ছক


ক্র. নং	লেখকের নাম	শিরোনাম	প্রকাশকের নাম, ঠিকানা ও সেলফোন নম্বর	প্রকাশের তারিখ	সংস্করণ	পৃষ্ঠা সংখ্যা	বিষয়	মূল্য	আইএসবিএন	কাগজের ধরণ	বাঁধাইয়ের ধরণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

বিদেশি পুস্তকের ছক

Sl. No.	Author	Title	Publisher's Address and Website	Date of Publication	Edition	Page Number	Subject	Price	ISBN	Type of Paper	Type of Bindings	Remarks
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13

শর্তাবলী :

- ১। পুস্তকের তালিকা উপরে প্রদত্ত ছক অনুযায়ী Excel ফাইলে হতে হবে এবং বাংলায় লেখাগুলো অবশ্যই ইউনিকোড (Nikosh) ফন্টে হতে হবে।
- ২। ছকের কোন ফিল্ডে তথ্যের পুনরুল্লেখ করার ক্ষেত্রে সম্পূর্ণ তথ্যটি লিখতে হবে, 'ঐ' অথবা 'do' ব্যবহার করা যাবে না।
- ৩। ছকের ৫ নং কলামে অর্থাৎ প্রকাশের তারিখের ঘরে মাসের নাম পুরোপুরি ইংরেজিতে লিখতে হবে। মূল্য এবং পৃষ্ঠা সংখ্যা ইংরেজিতে লিখতে হবে। ছকের ৯ নং কলামে মূল্য অংকে লিখতে হবে। মূল্যের ঘরে 'টাকা' বা '/' চিহ্ন দেয়া যাবে না।
- ৪। ছকে প্রদত্ত তথ্যসমূহ সঠিকভাবে উপস্থাপন করতে হবে। কোনক্রমেই ছক পরিবর্তন করা যাবে না। ছক পরিবর্তন করা হলে তালিকা গ্রহণ করা হবে না।
- ৫। কপিরাইট আইনের পরিপন্থী, পাইরেটেড কোনো বই তালিকায় থাকলে প্রকাশনা প্রতিষ্ঠানকে বাছাই তালিকা থেকে বাদ দেয়াসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।
- ৬। পাঠ্যবই ব্যতিরেকে পুনর্মুদ্রণ এবং সংস্করণের বই জমা নেয়া হবে না।
- ৭। গত ২০১৮-২০১৯ অর্থবছরে যেসব পুস্তক ক্রয় করা হয়েছে সেসব পুস্তক তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।


(জাহানারা পারভীন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৭১২৩৪
e-mail: dg.dpl.2012@gmail.com